87

দৈনিক সংবাদ

তারিখ ... 16 JUL 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

### ৫শ' শিক্ষক মানবেতর দিন কাটাচ্ছেন

# শরীয়তপুরের ১৫৪টি প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণের দাবি

শরীয়তপুর, ১৫ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।— শরীয়তপুর জেলার ৬টি থানায় ১শ' ৫৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৫শ' বেসরকারি শিক্ষক চরম সংকটের মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের লেখাপড়া চালিয়ে যাচ্ছেন।

শরীয়তপুর জেলার সদর, নড়িয়া, ডামুড্যা, জাজিরা, ভেদরগঞ্জ ও গোসাইরহাট থানার বিভিন্ন গ্রামে অবস্থিত ১শ' ৫৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এরমধ্যে ৩২টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় দীর্ঘ ১৮ বছর ধরে সরকারিকরণের চেষ্টা চালিয়েও সরকারিকরণ করা সম্ভব হয়নি এবং বাকি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো সরকারিকরণের দাবি উঠেছে। ওই সমস্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রতিমাসে ৫শ' টাকা (কনসলিডেটেড) হিসেবে প্রদান করা হচ্ছে।

কতিপয় শিক্ষকদের সাথে আলাপ করে জানা গেছে, মাসে ৫শ' টাকা দিয়ে সংসারতো দূরের কথা, তাদের হাত খরচও চলছে না।

একটি পরিসংখ্যানে দেখা গেছে, শরীয়তপুর জেলার চরাঞ্চলে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কম থাকায় এই অঞ্চলের ছেলে মেয়েদের মাইলের পর মাইল পায়ে হেঁটে বিদ্যালয়ে যাতায়াত করতে হচ্ছে। তাছাড়া চরাঞ্চলে যে কটি হাতেগোনা বেসরকারি বিদ্যালয় রয়েছে তার অধিকাংশই দুরবস্থার শিকার। ওই সমস্ত বিদ্যালয়ে চেয়ার, টেবিল, শ্রেণীকক্ষ ও শিক্ষকের সংকট রয়েছে, অর্থনৈতিক দুরবস্থা ও সুযোগের অভাবে চরাঞ্চলের নিম্নবিত্ত পরিবারের শতকরা প্রায় ৬০ ভাগ শিশুই বিদ্যালয়ে পড়াশুনা করার সুযোগ পাচ্ছে না এবং তারা বাধ্য হয়ে বিভিন্ন প্রকার অর্থ উপার্জনশীল কাজে ঝুঁকে পড়ছে।